

৬ দৈনিক ইনকিলাব

আল্লাহু মুব্বাহ্বিল

বিহিমিল্লাহি রাহমানি রাহীম
পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

“ইয়া আইয়্যুহাজ্জিনা আমানু কুতিবা আলাই কুমুহু ছিয়ামু কামা কুতিবা আলাহাজ্জিনা মিন্ কাবলিকুম লায়াল্লাকুম তাত্তাকুন”

(হে বিশ্বাসিগণ! তোমাদের জন্য সিয়ামের বিধান দেয়া হল, যেমন তোমাদের পূর্ববর্তিগণকে বিধান দেয়া হয়েছিল, যাতে তোমরা সাবধান হয়ে চলতে পার।)
[সূরা বাকারা, পারা-২, আয়াত ১৮৩]

“শাহরু রামাদ্বানাহাজ্জি উনযিলা ফিহিল কুরআনু হদাল্লিমাছি ওয়া বায়িনাতিম্ মিনাল হুদা ওয়াল ফুরকান; ফামান শাহিদা মিনকুমুশ শাহরা ফালইয়াছুম হু; ওয়া মান কানা মারিঘান আউ আলা ছাফারিন্ ফাইদাতুম্ মিন্ আইয়্যামিন্ উখার; ইউরিদুল্লাহু বিকুমুল ইউছরা ওয়ালা ইউরিদু বিকুমুল উছরা ওয়ালিতুকমিলুল ইদ্বাতা ওয়া লিতুকাব্বিবুল্লাহা আলা মা হাদাকুম ওয়া লায়াল্লাকুম তাশকুরুন।

রামাদান মাস, এতে মানুষের দিশারী এবং সৎ পথের স্পষ্ট নিদর্শন ও সত্যাসত্যের পার্থক্যকারীরূপে কুরআন অবতীর্ণ হয়েছে। সুতরাং তোমাদের মাঝে যারা এই মাস পাবে তারা যেন এই মাসে সিয়াম পালন করে এবং কেউ পীড়িত থাকলে কিংবা সফরে থাকলে অন্য সময় এই সংখ্যা পূরণ করতে হবে; আল্লাহ তোমাদের জন্য যা সহজ তা চান আর যা তোমাদের জন্য পীড়াদায়ক তা চান না; এজন্য যে তোমরা সংখ্যা পূরণ করবে এবং তোমাদেরকে সৎ পথে পরিচালিত করবার কারণে তোমরা আল্লাহর মহীমা ঘোষণা করবে আর যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করতে পার।
[সূরা বাকারা, পারা-২, আয়াত ১৮৫]